

# যুগান্তর

## আইটি বিশ্ব



### তথ্যপ্রযুক্তিতে সহযোগিতা চান শিক্ষামন্ত্রী

বাংলাদেশে ব্যাপকভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) শিক্ষা বাস্তবায়নে এ ক্ষেত্রে এগিয়ে থাকা দেশগুলোর সহযোগিতা চেয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ইন্টারন্যাশনাল কনফারেন্স অফ আইসিটি অ্যান্ড পোস্ট-২০১৫ এডুকেশনে অংশ নিতে চীন সরকারত শিক্ষামন্ত্রী দেশটির কিংদাওয়ে রোববার নজী পর্যায়ের এক বৈঠকে এ সহযোগিতা চান। বিষয়টি জানান শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব সুবোধ চন্দ্র ঢালী। তিনি বলেন, আইসিটি শিক্ষার বহুমুখী প্রভাবের ফলে এ শিক্ষা প্রদানে সফলতাদের নৈতিক, সামাজিক, ধর্মীয় এবং পারিবারিক মূল্যবোধগুলোর ওপর বিশেষ দৃষ্টি রাখতে হবে বলে বৈঠকে জানান শিক্ষামন্ত্রী। তিনি বলেছেন, কোনোভাবেই আমাদের জীবন-যাপনের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় এমন কিছুই গ্রহণ করা যাবে না। আইসিটি শিক্ষার বিশেষজ্ঞরা এ শিক্ষার নেতিবাচক দিকগুলো এড়িয়ে ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুন্দর আধুনিক শিক্ষার প্রসার করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন নুরুল ইসলাম নাহিদ। আলোচনার পর শিক্ষামন্ত্রী বাংলাদেশে আইসিটি শিক্ষার প্রসার ও ব্যবহারের ওপর উপস্থিত বিশ্ব প্রতিনিধিদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। ইউনেস্কোর কার্যনির্বাহী বোর্ডের সভাপতি সালেহ মোহম্মদ আমীরের সঞ্চালনায় ভারতের মানবসম্পদমন্ত্রীসহ চীন, জাপান, রাশিয়া, নাইজার, দক্ষিণ আফ্রিকা ও আফগানিস্তানের শিক্ষামন্ত্রীরা বৈঠকে উপস্থিত ছিলেন।

—সাইফ রহমান